# মিটফোর্ডে নৃশংস খুনে ভাষাহীন জামায়াত আমির: ‘এ কেমন সমাজ!’



জামায়াতে ইসলামীর আমির: সংগৃহীত ছবি

পুরান ঢাকার মিটফোর্ড হাসপাতালের সামনে ব্যবসায়ী লাল চাঁদ ওরফে সোহাগকে নির্মমভাবে হত্যার ঘটনায় গভীর ক্ষোভ ও শোক প্রকাশ করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

গতকাল ১১ জুলাই (শুক্রবার) রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া প্রতিক্রিয়ায় তিনি বলেন, “বিদেশে অবস্থানকালে মিটফোর্ডের এই বিভীষিকাময় খবর শুনে আমি বাকরুদ্ধ হয়ে পড়ি। প্রকাশ্য দিবালোকে একজন সাধারণ ব্যবসায়ীকে শুধুমাত্র চাঁদা না দেওয়ার কারণে এমন নৃশংসভাবে হত্যা — এটি কোন সভ্যতা বা কোন যুগে আমরা বাস করছি?”

তিনি আরও লেখেন, “হে মজলুম পরিবার, আমরা তোমাদের কাছে দায়ী ও লজ্জিত। হে সোহাগ ভাই, আমরা তোমার জন্য যথাযথ প্রতিরোধ গড়ে তুলতে পারিনি — এ ব্যর্থতায় আমাদের লজ্জা ও ব্যথা সীমাহীন।”

LENS ASIA

সমাজকে উদ্দেশ করে জামায়াত আমির বলেন, “এই নির্মমতা দেখেও যদি চুপ থাকি, তাহলে আগামী দিনে বড় বিপদের মুখোমুখি আমরা সবাই হবো। ভয় ও সংকোচ ঝেড়ে ফেলে এখনই সমস্ত অপরাধীদের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলা জরুরি।”

উল্লেখ্য, গত বুধবার সন্ধ্যা ৬টার দিকে মিটফোর্ড হাসপাতালের সামনে প্রকাশ্যে সোহাগকে পিটিয়ে ও ইট-পাথর দিয়ে মাথা থেঁতলে হত্যা করা হয়। হত্যার পর মরদেহের ওপরও চলে বর্বর আচরণ। এ ঘটনার ভিডিও ছড়িয়ে পড়লে দেশজুড়ে সৃষ্টি হয় তীব্র আলোড়ন ও